# আবহাওয়া ভিত্তিক কৃষি বিষয়ক বুলেটিন

## জেলাঃ বান্দরবান

কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প

কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

| তারিখঃ (২৭ মে, ২০২০) বুলেটিন নং ১৪৯ | ২৭ মে হতে ৩১ মে, ২০২০ পর্যন্ত কৃষি আবহাওয়া বিষয়ক বুলেটিন |
|---|---|

গত ৪ দিনের আবহাওয়া পরিস্থিতি ২৩ মে হতে ২৬ মে, ২০২০ তারিখ পর্যন্ত

| আবহাওয়ার স্থিতিমাপ(প্যারামিটার) | ২৩ মে | ২৪ মে | ২৫ মে | ২৬ মে | সীমা |
|---|---|---|---|---|---|
| বৃষ্টিপাত (মি.মি) | ০.০ | ০.০ | ০.০ | এ্ৎধপব | ০.০-০.০ (০.০) |
| সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড) | ৩৩.৮ | ৩৩.২ | ৩৩.২ | ৩৩.৪ | ৩৩.২-৩৩.৮ |
| সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড) | ২৭.৩ | ২৭.৩ | ২৭.৬ | ২৭.৫ | ২৭.৩-২৭.৬ |
| আপেক্ষিক আর্দ্রতা (শতকরা) | ৬৫.০-৯০.০ | ৬৭.০-৮৫.০ | ৬৫.০-৮৩.০ | ৬৪.০-৯২.০ | ৬৪-৯২ |
| বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা) | ১৪.৮ | ২০.৪ | ১৮.৫ | ২০.৪ | ১৪.৮-২০.৩৫ |
| মেঘের পরিমান (অক্টা) | ৫ | ৪ | ৬ | ৭ | ৪-৭ |
| বাতাসের দিক | দক্ষিন /দক্ষিন-পূর্ব | দক্ষিন /দক্ষিন-পূর্ব | দক্ষিন /দক্ষিন-পূর্ব | দক্ষিন /দক্ষিন-পূর্ব | দক্ষিন /দক্ষিন-পূর্ব |

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত আগামী ০৫ দিনের আবহাওয়া পূর্বাভাস

(২৭ মে হতে ৩১ মে, ২০২০) তারিখ পর্যন্ত

| আবহাওয়ার স্থিতিমাপ(প্যারামিটার) | সীমা |
|---|---|
| বৃষ্টিপাত (মিমি) | ০.০-১০.৫ (২৬.৫) |
| সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড) | ৩২.০-৩৩.৫ |
| সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড) | ২৪.২-২৫.০ |
| আপেক্ষিক আর্দ্রতা (শতকরা) | ৬৬.০-৯১.০ |
| বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা) | ৩.৮-৪.৬ |
| মেঘের অবস্থা | আংশিক মেঘাচ্ছন্ন |
| বাতাসের দিক | দক্ষিন /দক্ষিন-পূর্ব |

**করোনা ভাইরাস (কভিড-১৯) সংক্রমণের জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ**

ফসল সংগ্রহ বা ব্যবস্থাপনার সময় কমপক্ষে ১ মিটার (৩ ফুট) দূরত্ব বজায় রাখুন, মুখে মাস্ক ব্যবহার করুন এবং সাবান ও পানি দিয়ে অন্তত ২০ সেকেন্ড ধরে হাত ধৌত করুন। প্রয়োজনে এলকোহল যুক্ত হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করা যেতে পারে। তাছড়া করোনা ভাইরাস সংক্রমন রোধ করার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দিকনির্দেশনা মেনে চলুন।

**আবহাওয়া পরিস্থিতি ও কৃষি আবহাওয়া পরামর্শ:**

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী আগামী ২৪ ঘণ্টায় জেলার কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝোড়ো হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে কোথাও কোথাও মাঝারী ধরণের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে। দিন এবং রাতের তাপমাত্রা ১-২ ডিগ্রী সে. হ্রাস পেতে পারে। পরবর্তী ৭২ ঘণ্টায় বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাতের প্রবণতা অব্যাহত থাকতে পারে। গত চারদিন কোন বৃষ্টিপাত হয় নাই এবং আগামী ০৫ দিন মাঝারী থেকে ভারী বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা আছে। বিস্তারিত কৃষি আবহাওয়া পরামর্শ নীচে দেওয়া হলো।

**বোরো ধান:**

**পাকা থেকে কর্তন পর্যায়ঃ**

- পরিপক্ক ফসল সংগ্রহ করে দ্রুত নিরাপদ জায়গায় রাখুন। ফসল সংগ্রহ করার সময় কৃষকদের মধ্যে যথাযথ দূরত্ব বজায় রাখতে হবে।
- ফসল সংগ্রহের ১৫ দিন আগে জমি থেকে পানি নিষ্কাশন করে ফেলুন।

**চীনা বাদাম:**

- রোগ বালাই এর আক্রমণ থেকে রক্ষা পেতে নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করুন। প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা নিন।
- আবহাওয়ার বর্তমান পরিস্থিতিতে টিক্কা রোগের আক্রমণ দেখা দিতে পারে। নিয়ন্ত্রনের জন্য প্রতি লিটার পানিতে ২ মিলি হেক্সাকোনাজল অথবা ১ গ্রাম কার্বেন্ডাজিম মিশিয়ে স্প্রে করুন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

**সবজি:**

- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন।
- উচ্চ তাপমাত্রার কারণে পরিপক্ক সবজি সকালে বা বিকালে সংগ্রহ করে ছায়াযুক্ত স্থানে রাখুন।
- ঢেঁড়শ, কুমড়া, শশা, ধুন্দল, লাউ প্রভৃতি গ্রীষ্মকালীন সবজির আন্ত:পরিচর্যা করুন।
- ঢেঁড়শ এর মাইট দমনের জন্য প্রতি লিটার পানিতে ১.৫-২ মিলি ইথিয়ন মিশিয়ে স্প্রে করতে হবে।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

**উদ্যান ফসল:**

- ঢলে পড়া কলাগাছ ও অন্যান্য উদ্যানতাত্বিক ফসল খুঁটির সাহায্যে সোজা করে দিন, সবজিতেও খুঁটির ব্যবস্থা করুন।
- তাপমাত্রা বৃদ্ধির কারণে আম, পেয়ারা ও লেবুজাতীয় ফসলে ফলের মাছি পোকার আক্রমণ দেখা দিতে পারে। নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন।
- তাপমাত্রা বৃদ্ধি পাচ্ছে। কাজেই আমের ছোট গাছের জন্য ছায়ার ব্যবস্থা করুন।
- আম বাগানে খুব সকালে, বিকালে বা রাতে সেচ প্রদান করুন।
- সংগ্রহ করার পর যেন আমে রোগের আক্রমণ না হয় সেজন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করুন। ফল গরম পানিতে ১০ মিনিট ডুবিয়ে রেখে তারপর পাকার জন্য রেখে দেওয়া যেতে পারে।

- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

**পাট:**

- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন।
- রোগবালাই এর আক্রমণ থেকে রক্ষার জন্য নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করুন এবং প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা নিন।
- বিছা পোকার আক্রমণ দেখা দিলে
    - ডিম সংগ্রহ করে ধ্বংস করুন
    - আলোক ফাঁদ ব্যবহার করুন
    - প্রতি লিটার পানিতে ১ মিলি হারে ইমিডাক্লোপ্রিড মিশিয়ে স্প্রে করুন।
- ঘোড়া পোকার আক্রমণ দেখা দিলে প্রতি লিটার পানিতে ১ মিলি হারে ইমিডাক্লোপ্রিড মিশিয়ে স্প্রে করুন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

**গবাদি পশু:**

- তাপমাত্রা বৃদ্ধির কথা বিবেচনা করে গবাদি পশুকে ছায়ায় রাখতে হবে এবং পর্যাপ্ত পানি পান করাতে হবে।
- সকাল ১০টার পর এবং বেলা ৩টার আগে খোলা জায়গায় গবাদি পশু চরানো থেকে বিরত থাকতে হবে।
- গবাদি পশুর স্বাস্থ্য সুরক্ষায় খাবারের সাথে প্রতিদিন ৫০গ্রাম আয়োডিনযুক্ত লবন এবং ৫০ থেকে ১০০ গ্রাম মিনারেল মিক্সচার মিশিয়ে দিন।
- বিভিন্ন রোগ থেকে রক্ষার জন্য পশু চিকিৎসকের পরামর্শ অনুযায়ী টীকা প্রদান করুন।

**হাঁসমুরগী:**

হাঁস মুরগী তাপদাহ থেকে বাঁচাতে–

- খুব সকালে এবং শেষ বিকেলে খাবার খাওয়াতে হবে
- শেডে যথাযথ বায়ু চলাচল ও সীমিত সংখ্যক হাঁসমুরগীর বিচরণ নিশ্চিত করতে হবে
- খাঁচা ঠান্ডা রাখতে চটের ব্যাগ দিয়ে ঢেকে দিতে হবে এবং পানি ছিটিয়ে দিতে হবে।

**মৎস্য:**

- পুকুরে অক্সিজেনের স্বল্পতা দেখা দিতে পারে, পানির সমতল বৃদ্ধি করতে হবে এবং খাবার কম দিতে হবে।
- পুকুরে পানি ভরার জন্য শুধুমাত্র বৃষ্টির ওপরে নির্ভর করা যাবে না। পানির গভীরতা কম হলে মাছ তুলে ফেলতে হবে।